

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



### দলগত খেলাধুলার শক্তি

প্রিয় নিউ ইয়র্কবাসী,

পূর্ণ স্কুল অভিজ্ঞতার একটি গুরুত্বপূর্ণ অংশ কোনো স্পোর্টস্ টিমের খেলার সুযোগ গ্রহণ করা। এটি একটি সমৃদ্ধির কর্মকাণ্ড যা নতুন বন্ধুত্ব তৈরি, দলগতভাবে কাজ করার দক্ষতা এবং নেতৃত্ব তৈরির সুযোগ প্রদান করে। কোনো টিমে অংশ নেয়া স্কুলটিকে সকল শিক্ষার্থীর জন্য আরও ইতিবাচক, অন্তর্ভুক্তিমূলক স্থান হিসেবে গড়ে তোলে।

আমি প্রত্যক্ষভাবে জানি খেলাধুলায় অংশগ্রহণ থেকে আনন্দ এবং আত্মবিশ্বাস সৃষ্টি হয়। বাল্কেটবল, বেসবল, ফুটবল, এবং টেনিস -এসব কুইসে আমার বেড়ে ওঠার একটি বিরাট অংশ। আমি ঐসব বিকাল এবং সপ্তাহান্তের জন্য অপেক্ষায় থাকতাম যখন আমার ভাইয়েরা এবং মহিল্লার তরুণেরা বাইরে বেরিয়ে আসতো এবং আমাদের ব্লকে হপ-এ বল ছুঁড়ে মারা এবং দুই হাতের টাচ ফুটবল খেলতো। স্পোর্টস্-এ অংশগ্রহণ আমাকে মূল্যবান জীবন-দক্ষতা শিখিয়েছে—এবং আমি বিশ্বাস করি আমাদের সকল শিক্ষার্থীর জন্য এই সুযোগসমূহ প্রাপ্য। দুর্ভাগ্যজনকভাবে, এটি সবসময় ঘটে না; প্রতিবন্ধিতায়ুক্ত অনেক শিক্ষার্থীকে স্কুলের স্পোর্টস্ থেকে ঐতিহ্যগতভাবে বাইরে রাখা হয়। এখনও পর্যন্ত! এই সপ্তাহের প্রথম দিকে, মেয়র অ্যাডামস্ এবং আমি আনন্দের সাথে ঘোষণা করেছি যে, প্রতিবন্ধিতায়ুক্ত 1,700-এর অধিক শিক্ষার্থী এখন স্কুল দিবসে স্পেশাল অলিম্পিক ট্র্যাক এবং ফিল্ড, ভলিবল, এবং বাল্কেট বল খেলায় অংশ নিত পারবে। একটি আফটারস্কুল যৌথ বাল্কেটবল লিগ এখন প্রতিবন্ধিতায়ুক্ত এবং প্রতিবন্ধিতাহীন বাড়তি 200 হাই স্কুল শিক্ষার্থীর জন্য উন্মুক্ত, এর পাশাপাশি প্রতিবন্ধিতায়ুক্ত এবং প্রতিবন্ধিতাহীন 300 মিডল্ স্কুল শিক্ষার্থী যৌথভাবে বচি লিগে যোগদান করবে।

আমি বিশেষভাবে আমাদের পার্টনার স্পেশাল অলিম্পিকস্ নিউ ইয়র্ক্-এর কাছে তাদের \$50,000 ডলার দান করার প্রতিশ্রুতি, শিক্ষক এবং কোচদেরকে প্রশিক্ষণ সহায়তা, এবং স্পোর্টস্-এর সরঞ্জাম এবং টিম ইউনিফর্ম প্রদানের জন্য

কৃতজ্ঞ। এই পর্টনারশিপের মাধ্যমে, আমরা এখন ডিস্ট্রিক্ট 75-এর সকল স্কুলে স্পেশাল অলিম্পিকস্ স্পোর্টস্-এর সুযোগদানের নিশ্চয়তা দিতে পারি। এটি আমাদের শিক্ষার্থীদের জন্য সত্যিকারভাবে পুরো খেলাটাকেই (রূপকার্থে) বদলে দেবে।

এই ঐতিহাসিক প্রসার আমাদের শিক্ষার্থী, পরিবার, এবং শিক্ষকদেরকে এই সংবাদ প্রদান করে যে, আমরা আপনাদের খোঁজ রাখি—আমরা ক্লাসরুমের ভিতরে এবং তার বাইরে সকল উপায়ে আপনাদেরকে স্বাগত জানাই, আপনাদেরকে মূল্যায়ন করি ও সহায়তা দেই। আমি গর্বিত এ কারণে যে, আমাদের নেতৃত্ব উদ্ভাবনা এবং উন্মুক্ত সুযোগসুবিধার প্রতি দৃষ্টি রাখেন, এবং আমি আশা করি আমাদের নতুন প্রচেষ্টা আমাদেরকে অন্তর্ভুক্তির এবং সুস্থ সমৃদ্ধির কর্মকাণ্ডের মডেল-এ পরিণত করবে। এবং সব থেকে গুরুত্বপূর্ণ বিষয় হলো, আমি আনন্দিত যে এটি স্কুলে এবং জীবনে সফল হতে প্রত্যেক শিক্ষার্থীর প্রয়োজনীয় ক্ষমতাগুলি আয়ত্ত করার সুযোগ দেয়।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)  
চ্যামেলর

### NYC স্কুল জরিপের সময়সীমা বৃদ্ধি করা হয়েছে

আপনি যদি NYC স্কুল জরিপটি এখনও পূরণ না করে থাকেন, তবে আমাদের কাছে সুখবর রয়েছে। সময়সীমা 20 এপ্রিল পর্যন্ত বাড়ানো হয়েছে। আগামী শিক্ষা বছরের জন্য স্কুলগুলোকে প্রস্তুত হতে সহায়তা করার জন্য পিতামাতাদের কাছ থেকে মানসম্পন্ন মতামত অত্যন্ত গুরুত্বপূর্ণ। অনুগ্রহ করে [NYCSchoolSurvey.org](http://NYCSchoolSurvey.org) ওয়েবপেজ-এ এ জরিপটি পূরণ করতে কিছুটা সময় দিন।

### আমাদের সাপ্তাহিক পর্যালোচনার ভিডিও



এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

\*অনুদিত ক্যাপশনের জন্য: "CC" আইকনে ক্লিক করুন। "Setting" আইকনে ক্লিক করুন এবং "Subtitles/CC" বেছে নিন। "Auto-translate" বেছে নিন এবং আপনার ভাষা বেছে নিন।

আপনি যদি PS+You থেকে আর কোনো ইমেইল মেসেজ না পেতে চান, তবে [আনসাবস্কাইব](#) করুন।